ভারতীয় প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর : পরমাণু সহযোগিতা ও জলবায়ু প্রধান আলোচ্য

ইনকিলাব ডেস্ক : এশিয়ায় প্রেসিডেন্ট বারাক ওবামার চারটি দেশ সফর শেষ হবার পর এবার যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন এ অঞ্চলের দ্রুত উন্নয়নশীল দেশ ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিং। বুশ প্রশাসন আমলের পর ওবামার সময় এটাই ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম যুক্তরাষ্ট্র সফর। তার সফর শুরু হবার আগে ওবামার চীন সফরের সময় প্রদত্ত এক যৌথ বিবৃতিকে কেন্দ্র করে ওয়াশিংটনের সাথে নয়াদিল্লীর খানিকটা মন কষাকষির সৃষ্টি হলেও মনমোহন সিংয়ের যুক্তরাষ্ট্র সফর নানা কারণে খুবই গুরুত্বপূর্ণ বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন। বেইজিংয়ে চীনা প্রেসিডেন্ট হু জিনতাওয়ের সাথে প্রদত্ত ওই যৌথ বিবৃতিতে পাক-ভারত সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্র ও চীন এক যোগে কাজ করতে পারে বলে প্রেসিডেন্ট বারাক ওবামা মন্তব্য করলে এর বিরুদ্ধে নয়াদিল্লী থেকে ক্ষোভ প্রকাশ করা হয়। দিল্লী প্রশাসনের এই ক্ষোভ মিটিয়ে ফেলার জন্য অবশ্য তাৎক্ষণিকভাবেই ওয়াশিংটনের পক্ষ থেকে প্রেসিডেন্ট ওবামার বক্তব্যের নমনীয় ব্যাখ্যাসহ বিবৃতি দেয়া হয়েছে। উল্লেখ্য, আগামীকাল রোববার ভারতীয় প্রধানমন্ত্রী মনমোহন সিং যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। এএফপি, ইন্টারনেট। ওয়াশিংটনে ভারতীয় প্রধানমন্ত্রী মনমোহন সিংকে অভ্যর্থনা জনানোর জন্য ব্যাপক আয়োজন শুরু হয়েছে। বলা হচ্ছে, প্রেসিডেন্ট ওবামার প্রশাসনের গত প্রায় এক বছর সময়ের মধ্যে মার্কিন প্রেসিডেন্ট অনেক রাষ্ট্রনায়কের সাথে বৈঠক করলেও হোয়াইট হাউজে মনমোহন সিংই হবেন প্রথম পরিপূর্ণ রাষ্ট্রীয় অতিথি। হোয়াইট হাউজে তার সম্মানে বিশেষ ভোজসভারও আয়োজন করা হয়েছে। এক সময়, বিশেষ করে সোভিয়েত-মার্কিন স্নায়ুযুদ্ধের সময় ভারতের সাথে যুক্তরাষ্ট্রের সম্পর্ক ছিল পারস্পারিক সন্দেহপ্রবণ। এই দীর্ঘ সময় ভারতের অবস্থান ছিল সোভিয়েত ইউনিয়নের প্রভাব বলয়ে। এরপর ১৯৯৮ সালে ভারত পারমাণবিক মারণাস্ত্রের পরীক্ষামূলক বিস্ফোরণ ঘটালে যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে সম্পর্কের ফাটল আরো বিস্তৃত হয়। কিন্তু তা সত্ত্বেও প্রেসিডেন্ট বারাক ওবামার পূর্ববর্তী প্রেসিডেন্ট জর্জ বুশের সময় যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে অসামরিক পারমাণবিক সহযোগিতার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ সমঝোতা সম্পাদিত হয়। যুক্তরাষ্ট্র এবং ভারতের অভ্যন্তরে এই সমঝোতার বিরুদ্ধে ব্যাপক সমালোচনাও শোনা যায়। ভারতে বিশেষ করে বাম রাজনৈতিক নেতৃত্বের পক্ষ থেকে এই সমঝোতার বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ জানানো হয়। অন্যদিকে যুক্তরাষ্ট্রে কিছু সংখ্যক ডেমোক্র্যাটিক দলীয় কংগ্রেস সদস্য ভারত-মার্কিন পারমাণবিক সহযোগিতার বিরুদ্ধে অবস্থান নেয়। তারা মনে করেন, যেহেতু ভারত পরমাণু অস্ত্রবিস্তার রোধ চুক্তিতে স্বাক্ষর করেনি, সেহেতু ওই দেশটির সাথে যুক্তরাষ্ট্রে পারমাণবিক সহযোগিতা এশীয়দের কাছে একটি ক্ষতিকর সংকেত পাঠাবে। কিন্তু এই বিরোধিতা পাশকাটিয়ে প্রেসিডেন্ট বারাক ওবামা তার পূর্ববর্তী প্রশাসনের ভারত-মার্কিন পরমাণু সহযোগিতার বিষয়টি চূড়ান্ত রূপ দেয়ার উদ্যোগ নিয়েছেন। ধারণা করা হচ্ছে, প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের যুক্তরাষ্ট্র সফরের সময় এই বিষয়ে চূড়ান্ত ফয়সালা হবে। পর্যবেক্ষকরা মনে করছেন, এ জাতীয় প্রক্রিয়ার মধ্যদিয়ে বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র এবং এশীয় অঞ্চলের দ্রুত সমৃদ্ধ হয়ে ওঠা অর্থনীতির দেশ ভারতের মধ্যকার সম্পর্ক কার্যত একটি অংশীদারিত্বের সুসম্পর্কে উন্নীত হচ্ছে। যুক্তরাষ্ট্র এবং ভারতের মধ্যে জলবায়ু পরিবর্তন রোধের প্রশ্নে মতবিরোধ রয়েছে। প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের যুক্তরাষ্ট্র সফরের সময় এই বিষয়ে তাদের মধ্যে দূরত্ব কমিয়ে আনার প্রয়াস চালানো হবে বলে আশা করা হচ্ছে। সেটা সম্ভব হলে আগামী মাসে কোপেনহেগেনে অনুষ্ঠেয় জলবায়ু সম্মেলনে সর্বসম্মত একটি সিদ্ধান্ত গ্রহণ অনেকটা সহজ হতে পারে বলে পর্যবেক্ষকরা ধারণা করছেন।

উত্তর কোরিয়াকে উস্কানি বন্ধ করার আহ্বান জানালেন ওবামা-লি

ইরানের বিরুদ্ধে নতুন নিষেধাজ্ঞার হুমকি

ইনকিলাব ডেস্ক : মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা বলেছেন, পরমাণু অস্ত্র নির্মাণ থেকে ইরানকে বিরত রাখতে সেদেশের বিরুদ্ধে নতুন করে ব্যবস্থা গ্রহণ করতে বন্ধু দেশগুলোর সাথে আলোচনা শুরু করেছে যুক্তরাষ্ট্র। এশিয়া সফরের শেষ পর্যায়ে দক্ষিণ কোরিয়া সফর শেষে দেশের উদ্দেশ্যে রওনা দেয়ার আগে মার্কিন প্রেসিডেন্ট এ কথা বলেন। রাজধানী সিউলে দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট লি মুয়াং বাকের সাথে যৌথ সম্মেলনে কথা বলেন তিনি। ওবামা বলেন, আমাদের প্রস্তাবে রাজি হচ্ছে না, তার একটা পরিণতি রয়েছে, আন্তর্জাতিক মহলে আমাদের বন্ধুদের সাথে সেই পরিণতি নিয়ে আলোচনা করছি। তবে তিনি সুস্পষ্টভাবে বলেননি, কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করবেন ইরানের বিরুদ্ধে। কোন ধরনের নিষেধাজ্ঞার জন্য বন্ধু রাষ্ট্রগুলোর প্রতিশ্রুতি আদায় করবেন ওবামা সে সম্পর্কে এখনো কিছু জানা যায়নি। ওবামা বলেছেন, ইরানের কাছে একটি পরিষ্কার বার্তা পৌঁছে দেয়ার জন্য বন্ধুদের সাথে একযোগে কাজ করে যাচ্ছি। ইরানের বিরুদ্ধে কি ধরনের একটি কার্যকর নিষেধাজ্ঞা আরোপ করা হবে, তার একটা রূপরেখা তৈরি করা হচ্ছে বলে জানান তিনি। এদিকে ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তার দেশ বাইরে থেকে স্বল্প ক্ষমতাসম্পন্ন ইউরেনিয়াম আমদানী করবে না। এদিকে দক্ষিণ কোরিয়া সফররত মার্কিন প্রেসিডেন্ট ওবামা বলেছেন, যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়ার মধ্যে মুক্ত বাণিজ্য বিষয়ক যে ইস্যুগুলো স্থগিত করা হয়েছিল, সেই ইস্যুগুলো বাতিল করবেন বলে জানিয়েছেন তিনি। দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বাণিজ্যিক সম্পর্ক জোরদার করার ওপর গুরুত্ব দেন তিনি। দুই দেশের মধ্যে ২০০৭ সালে বাণিজ্যিক বিষয়ক চুক্তি স্বাক্ষরিত হয়। তবে সেই চুক্তিটি মার্কিন কংগ্রেসে অনুমোদিত হয়নি। এদিকে ওবামা আরো বলেছেন, আগামী মাসে কমিউনিস্ট উত্তর কোরিয়াতে দ্বিপাক্ষিক আলোচনা এগিয়ে নিতে দূত পাঠাবেন। দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের সাথে যৌথ সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। তিনি বলেন, আগামী ৯ ডিসেম্বরে কূটনীতিক স্টেফেন বসওয়ার্থ উত্তর কোরিয়ার রাজধানী পিয়ংইয়ং যাবেন।

রমপুই ইউরোপীয় কাউন্সিলের প্রথম প্রেসিডেন্ট নির্বাচিত

ইনকিলাব ডেস্ক ঃ বেলজিয়ামের প্রধানমন্ত্রী হারম্যান ভ্যান রমপুই ইউরোপীয় পরিষদের প্রেসিডেন্ট মনোনীত হয়েছেন। গত বৃহস্পতিবার ২৭ সদস্যের ইউরোপীয় ইউনিয়নের নেতারা ঐকমত্যে পৌঁছার পর বেলজিয়ামের বাইরে ব্যাপক অপরিচিত ভ্যান রমপুইয়ের নাম ঘোষণা করা হয়। এক সংবাদ সম্মেলনে ভ্যান রমপুই বলেন, আমি এতো উচ্চ পদের আশা করিনি, আমি এটা অর্জনের জন্য কোন পদক্ষেপ নেইনি। তবে বৃহস্পতিবার রাত থেকে দৃঢ় প্রত্যয় ও আগ্রহের সাথে এ দায়িত্ব গ্রহণ করেছি। ব্রিটিশ ইইউ ট্রেড কমিশনার ক্যাথেরিন এশটোনকে পররাষ্ট্রনীতিতে ভূমিকা রাখার জন্য ফিরিয়ে আনতে বৈঠকে সম্মত হয়। বৃটেনের সাবেক প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারকে দিনের প্রথমদিকে প্রেসিডেন্টের পদে মনোনয়নের বিষয়টি প্রত্যাহার করা হয়। কেননা আগেই বিষয়টি পরিষ্কার হয়ে যায় যে, মধ্য ডানপন্থী দেশগুলো এতে রাজি হবে না। ইইউ পরিকল্পনাকারী মধ্য ডানপন্থী গ্রুপ থেকেই কাউকে নিয়োগ দিতে হবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউনের একজন মুখপাত্র বলেন, বিভিন্ন রাজনৈতিক বিবেচনায় ও সদস্য দেশগুলোর মত পার্থক্যের কারণে যখন বিষয়টি পরিষ্কার হয় তখন প্রধানমন্ত্রী ক্যাথেরিন এশটোনকে এ উচ্চপদের প্রতিনিধিত্ব করার জন্য চাপ প্রয়োগ করেন। বৃহস্পতিবারের এ নিয়োগ বিতর্কে ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্টের ভূমিকা তুলে ধরা হয়। অনেকেই যুক্তি দেখান যে, তার ভূমিকা হবে প্রয়োগিক যিনি ঐক্য ও সংহতি স্থাপন করতে পারবেন। লিসবন চুক্তি অনুযায়ী এ নতুন পদের সৃষ্টি হয়। এতে বলা হয় সাধারণত প্রেসিডেন্ট ইইউ'র কার্য পরিচালনা করবেন। হারম্যান ভ্যান রমপুই ১৯৪৭ সালে ব্রাসেলসে জন্মগ্রহণ করেন। তিনি বেলজিয়ামের রাজধানীতে জেস্যুট সিন্ট-ভ্যান বার্চম্যানস কলেজে পড়াশুনা করেন এবং ক্যাথেলিক ইউনিভার্সিটি অব লেউভেনে দর্শন ও অর্থনীতিতে পড়াশুনা করেন। রাজনীতিতে প্রবেশের আগে তিনি ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত বেলজিয়াম কেন্দ্রীয় ব্যাংকে চাকরি করেন।

ভারত ২০ বছরের মধ্যে প্রথমবারের মত চাল আমদানি করবে

ইনকিলাব ডেস্ক : ঐতিহ্যবাহী চাল রফতানিকারক দেশ ভারত গত ২০ বছরের মধ্যে প্রথমবারের মত খাদ্যশস্য আমদানি করতে যাচ্ছে। খরা ও বন্যার কারণে সম্ভাব্য খাদ্য ঘাটতি মোকাবিলায় এই উদ্যোগ নেয়া হচ্ছে। খাদ্যশস্য মজুদ ও মূল্য সংক্রান্ত মন্ত্রিপরিষদের পর্যালোচনা বৈঠকের দু'দিন আগে গত বুধবার ভারতের অর্থমন্ত্রী প্রণব মুখার্জি বলেন, 'অক্টোবর থেকে চালের মৌসুম শুরু হয়েছে এবং প্রায় ৬০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য উদ্বৃত্ত রয়েছে। এরপরও দেখা যাচ্ছে কিছু ঘাটতি হতে পারে। এ কারণে খাদ্যের চাহিদা মেটাতে আমাদের কিছু পরিমাণ চাল আমদানি করতে হবে'। তবে কি পরিমাণ এবং কোন সময়ে চাল আমদানি করা হবে সে ব্যাপারে তিনি কিছু প্রকাশ করেননি। নয়াদিল্লীতে ইউনিয়ন ব্যাংক অব ইন্ডিয়ার এক অনুষ্ঠানের ফাঁকে তিনি বলেন, আসলে কি পরিমাণ এবং কোন সময়ে চাল আমদানি করা হবে তা আমি বলতে পারছি না।' বন্যা ও খরার কারণে ভারতে এবার খরিফ মৌসুমে ১ কোটি ৫০ লাখ মেট্রিক টন খাদ্য ঘাটতি হতে পারে বলে সরকার ধারণা করছে। সূত্র : পিটিআই।

হেলিকপ্টার বিধ্বস্ত

এএফপি : ইন্দোনেশিয়ার অনুসন্ধান ও উদ্ধার সংস্থার একটি হেলিকপ্টার বিধ্বস্ত হওয়ায় পাঁচজন আহত হয়েছে। স্থানীয় অনুসন্ধান ও উদ্ধার কর্মকর্তা আহমেদ জানান, হেলিকপ্টারটি স্থানীয় সময় সকাল ১০টা ১৫ মিনিটের দিকে মধ্যজাভার নগরী সেমারাংয়ের অদূরে জরুরী অবতরণকালে সমুদ্রে বিধ্বস্ত হয়। প্রশিক্ষণ মিশনের এ হেলিকপ্টারটির যান্ত্রিক গোলযোগ ঘটে এবং এটি সমুদ্রে বিধ্বস্ত হয়।

গ্রেফতার ৩

এএফপি : ভারতীয় পুলিশ একটি বিদ্যুৎ কেন্দ্র দুর্ঘটনার সঙ্গে জড়িত থাকার দায়ে ব্রিটেন ভিত্তিক বেদান্ত মাইনিং গ্রুপের তিনজন স্থানীয় ব্যবস্থাপকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে। জেলা পুলিশ সুপার (এসপি) রতন লাল দাঙ্গী জানান, ছত্তিশগড় রাজ্যের কোরাবায় ওই তিন জনকে গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, কর্তব্যে অবহেলার দায়ে তাদেরকে অভিযুক্ত করা হয়েছে।

পাচারকারীর মৃত্যুদণ্ড

এএফপি : ইরানের মধ্যাঞ্চলীয় ইস্পাহান নগরীর একটি কারাগারে মাদক পাচারের দায়ে দণ্ডিত দুই পুরুষ ও এক মহিলার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। কাইহান পত্রিকার খবরে বলা হয়, ওয়াহিদ এসএইচ (৩৫) ও রসুলটি নামের দুই পুরুষ এবং বেগম পি নামের এক মহিলার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। এ ব্যাপারে বিস্তারিত কোন তথ্য জানানো হয়নি। এ নিয়ে চলতি বছরের এ পর্যন্ত ইরানে কমপক্ষে ২৫৪ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হল।

ঋণ দেবে বিশ্ব ব্যাংক

এএফপি : বিশ্ব ব্যাংক ফিলিপাইনের দরিদ্র এলাকার ৩ লাখ ৭৬ হাজার পরিবারকে সাহায্য করতে ৪০ কোটি ৫০ লাখ ডলার ঋণ দেবে। বিশ্বব্যাংকের এক বিবৃতিতে বলা হয়, দারিদ্র্যপীড়িত পরিবারকে সরাসরি নগদ অর্থ প্রদানে এ ঋণ ব্যবহার করা হবে। এ ঋণ কর্মসূচির আওতায় দারিদ্র্যপীড়িত পরিবারের শিশুদের স্কুলে যাওয়া ধরে রাখতে এবং তাদের স্বাস্থ্যসেবা দিতে নগদ অর্থ দেয়া হবে। এছাড়া গর্ভবতী মহিলাদেরও পর্যাপ্ত সেবা প্রদান করা হবে।

নরখাদক গ্রেপ্তার

এপি : রাশিয়ার পার্ম শহরে ২৫ বছর বয়সী এক ব্যক্তির মৃতদেহ ভক্ষণ এবং কিছু অংশ কেটে টুকরো টুকরো

করে একটি কাবাবের দোকানে বিক্রির সন্দেহে তিন গৃহহীন ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। মস্কো থেকে সাড়ে ১১ শ' কিলোমিটার পূর্বের শহরে বাস স্টেশনের পাশে মানবদেহের একটি খণ্ডিত অংশ তারা খুঁজে পাওয়ায় পুলিশের সন্দেহ ঘনীভূত হয়। ওই ব্যক্তিকে মেরে ফেলার পর তার দেহ কয়েক টুকরা করা হয়। তার একটা অংশ খাওয়া হয়েছে এবং আর একটি অংশ স্থানীয় কাবাব ও পাইয়ের দোকানে বিক্রি করা হয়।

আইডিবি'র সহায়তা

এএফপি : ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) উন্নয়নশীল দেশগুলোর কৃষকদের সহায়তার লক্ষ্যে জাতিসংঘ খাদ্য সংস্থার প্রকল্পে অতিরিক্ত ১শ' কোটি ডলার (৬৭ কোটি ইউরো) দেবে। গত সোমবার রোমে খাদ্য নিরাপত্তা বিষয়ে ৬০টি দেশের শীর্ষ নেতৃবৃন্দের সম্মেলনের প্রাক্কালে খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) আইডিবি'র এই ঘোষণা দেয়। আইডিবি প্রেসিডেন্ট ড. আহমাদ মুহাম্মদ আলী ও এফএও প্রধান জ্যাক দাউফ-এর মধ্যে রোমে ওই সমঝোতা চুক্তি সম্পন্ন হয়।